400 Rs.

INDIA COURT FEE

४००रु.  Rs400

भारत

चार सौ रुपया  FOUR HUNDRED RUPEES

पाँच रुपये
FIVE RUPEES

District 24-Parganas.

In the Court of the District Delegate, Alipore.

Act 39 case No.200 of 1971(P)

Name of the Estate : Sm. Subodh Lakshmi Bose... Deceased.

Name of the Applicant: Shri Samarendra Nath Bose.

Drawn & typed by,
P. N. Chakrabarti
Clerk.

District Delegate,
Subordinate Judge, Ist Court, Alipo
26-7-72.

2857

No. ............ Manoj Lall Ghosh Adv

Paid to ............

............ Alipore

of ............

Calcutta Collectorate,
Treasury

24.7.72 ............ Treasurer

| | |
|---|---|
| © | 400/ |
| © | 50/ |
| © | 5/ |

458/

INDIA COURT FEE 50Rs.

पचास रुपया

भारत INDIA

५० रु. FIFTY RUPEES 50Rs.

District 24-Parganas.

In the Court of the District Delegate, Alipore.

Act 39 case No.200 of 1971(P)

Name of the Estate : Sm. Subodh Lakshmi Bose... Deceased.

Name of the Applicant: Shri Samarendra Nath Bose.

Drawn & typed by,

P. N. Chakrabarti

Clerk.

District Delegate,
Subordinate Judge, Ist Court, Alipor
26-7-72.

2858

Paid to Maniek Lal Ghosh Ado

of Alipore

Calcutta Collectorate,

Treasury.

The 24.7.82

| | |
|---|---|
| C | 408/ |
| C | 50/ |
| C | 5/- |
| | 463/ |

West-Bengal Form No. 3394.

**HIGH COURT FORM No. (J) 53.**

## GRANT OF PROBATE OF WILL (1).

*[Section 289 of the Indian Succession Act, 1925]*

District 24-Parganas.
In the Court of the District Delegate, Alipore.

Act 39 case No.200 of 1971

(1) Judge of the District of [or Delegate appointed for granting Probate or Letters-of-Administration in (*here insert the limits of the Delegate's jurisdiction.*)]

I, Shri B. K. Sinha, District Delegate, Alipore (1)

hereby make known that on the 3rd day of July in the year 1972, the last Will of Sm. Subodh Lakshmi Bose, late of 45-A, Kankulia Road, (Lakshmi Kutir), P.S. Ballygunge, Calcutta-29, Dist. 24-Parganas, a copy whereof is hereunto annexed, was proved and registered before me, and that administration of the property and credits of the said deceased, and in any way concerning his Will, was granted to Shri Samarendra Nath Bose

the Executor in the said Will named, he having undertaken to administer the same, and to make a full and true inventory of the said property and credits, and exhibit the same in this Court within six months from the date of this grant or within such further time as the Court may from time to time appoint and also to render to this Court a true account of the said property and credits within one year from the same date or within such further time as the Court may from time to time appoint.

Granted this 26th day of July in the year 1972 under the seal of the Court.

Net value of assets as per Collector's valuation report Rs.18,500/-

Probate is issued on a Court-fee stamp of Rs.455/-

Drawn & typed by,
P. N. Chakrabarti
Clerk.

*Judge or District Delegate.*
Subordinate Judge, Ist Court, Alipore

ACJP—A 1999—1965-66—3,900

Copy verified

8.12.78

Dy. Assessor.
Corpn. of Calcutta.
8.12.78

SUBORDINATE JUDGE'S COURT, ALIPORE
FILED
26 JUL 19
24-PARGANAS

# - উইল -

লিখিতং শ্রীমতী সুবোধ লক্ষ্মী বসু স্বামী ৺ সতীশ চন্দ্র বসু, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী সাং সাবেক ৪১২এ, হাল ৪৫এ, সং কাঁকুলিয়া রোড 'লক্ষ্মী কুটীর' থানা বালীগঞ্জ ,জেলা ২৪ পরগণা,কলিকাতা-১৯ ।

অস্য উইল বা চরম পত্র মিদং কার্য্যঞ্চাগে । আমি বৃদ্ধা হইয়াছি । আমার বর্ত্তমান বয়স ৭০ বৎসর হইবে । কবে ইহলোক পরিত্যাগ করিয়া যাইব তাহার নিশ্চয়তা নাই । একারণ আমি সুস্থ অবস্থায় এবং সজ্ঞানে আমার সম্পত্তি সম্বন্ধে একটি সুব্যবস্থা করিয়া রাখিয়া যাইতে মনস্থ করিয়া নিম্ন লিখিত মর্ম্মে উইল করিতেছি । এই উইল আমার শেষ উইল হইতেছে । ইহার পূর্ব্বে আমি আমার সম্পত্তি সম্বন্ধে অন্য কোন ব্যবস্থা বা উইল করি নাই । আমার স্বামী ,তিন পুত্র ও তিন কন্যা জীবিত ।জ্যেষ্ঠ পুত্র শ্রীমান শচীন্দ্র নাথের তিন পুত্র শ্রীমান সঞ্জীব কুমার, শ্রীমান সুজিৎ কুমার ও শ্রীমান সুকৃৎ কুমার এক কন্যা শ্রীমতি সীমা ঘোষ এবং তাহাদের মাতা বর্ত্তমান আছে । মধ্যম পুত্র - শ্রীমান সমরেন্দ্র নাথ এবং তাহার স্ত্রী বর্ত্তমান আছে । আমার তৃতীয় পুত্র শ্রীমান সত্যেন্দ্র নাথ অবিবাহিত । আমার তিন কন্যা শ্রীমতী সরযূ বালা মুখার্জী, শ্রীমতী -

Act 39 Cr. 200/71

5
1648

FIRST SUBORDINATE JUDGE'S COURT 24-PARGANAS
FILED
26 JUL 1974



শ্রীমতী সরুনী বালা ঘোষ এবং শ্রীমতী সুলেখা দে । উক্তা শ্রীমতী সরযু বালার তিন পুত্র ও এক কন্যা বিদ্যমান । উক্তা শ্রীমতী সরুনী বালার ১ পুত্র ও ২ কন্যা । উক্তা শ্রীমতী সুলেখা এক্ষণে বিধবা হইয়াছে এবং তাহার একটি অবিবাহিতা কন্যা আছে। আমি যে বাটীতে বসিয়া এই উইল করিতেছি উক্ত বাটী যাহা নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত হইল উহা আমার নিজ স্বাধীন সম্পত্তি । উক্ত বাটীর তলস্থ নিষ্কর /২।।১৯ দুই কাঠা আট ছটাক উনিশ স্কোয়ার ফিট জমি সহ উক্ত বাটীর পার্শ্বস্থ গ্যারেজ জমি আমি আমার নিজ স্বাধীনে ইং 30th Sept. ১৯৪০ সালের ৩০শে সেপ্টেম্বর তারিখে ৩নং হাঁকুলিয়া রোড নিবাসী শ্রীযুক্ত বাবু রামদাসের নিকট হইতে কর্পোরেশনের মঞ্জুরীকৃত নক্সা Sanctioned plan সহ ৪৫০০্ টাকা পণে খরিদ করিয়া আলিপুর কালেক্টারীতে ও কলিকাতা কর্পোরেশনের অফিসে আমার নাম পত্তন করতঃ কর্পোরেশনের দেয় ট্যাক্স আদায়ে ভোগদখল করিতে থাকি । অতঃপর উক্ত জমির উপর আমি আমার নিজ খরচে একটি দ্বিতল পাকা ইমারত বাটী নির্ম্মাণ করিয়া উহার বাবদ কলিকাতা কর্পোরেশনের অফিসে আমার নিজনামে ধার্য্যকৃত ট্যাক্স আদায় করতঃ আমি সপরিবারে তথায় বসবাস করিয়া এবং নীচের তলার একখানি দোকান ঘর ভাড়া দিয়া করিয়া উহার মাস মাস ভাড়া আদায় করিয়া উক্ত সম্পত্তি সহ যাবতীয় ইজমেন্ট সুবিধাদি সমেত হক হকুক সম্পত্তি অন্যের বিনা স্বত্বসংস্রবে এতাবৎকাল ভোগদখল করিয়া আসিতেছি। যতদিন আমি জীবিত থাকিব ততদিন উক্ত সম্পত্তি আমি পূর্ববৎ ভোগদখল করিয়া যাইব । আমার দেহান্তে উক্ত সম্পত্তি আমার এই উইলের বিধানমতে যাহাকে যেরূপ স্বত্বে ও সর্ত্তে দিয়া গেলাম সেইরূপ ভাবে অর্শাইবে । —

আমার —



FIRST SUBORDINATE JUDGE'S COURT ALIPORE
FILED
26 JUL 1972
24 PARGANAS

আমার জ্যেষ্ঠ পুত্রের উক্ত তিন পুত্র আমার অত্যন্ত স্নেহের পাত্র। তাহারা - আমাকে অত্যন্ত ভক্তি শ্রদ্ধা করে এবং তাহাদিগকে আমি অত্যন্ত আদরের সহিত - লালন পালন করিয়া আসিয়াছি। শ্রীমান সঙ্গীত কুমার এখানে আমার এই বাটীতে - বসবাস করে, শ্রীমান সব্রিৎ কুমার দুর্গাপুরে কর্ম্মস্থলে বাস করে এবং শ্রীমান সুকৃৎ কুমার তাহার পিতা মাতার সহিত দেশের বাটীতে গোচারণ গ্রামে বাস করে - এবং তথায় স্কুল ফাইনাল শ্রেণীর ছাত্র হইতেছে। আমি আমার উক্ত সম্পত্তির - ১/৩ অংশ আমার তিন পৌত্রকে তুল্যাংশে দিলাম। তাহাদের পিতা আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান শচীন্দ্রনাথ উক্ত সম্পত্তির কোন অংশ পাইবে না। -

আমার মধ্যম পুত্র শ্রীমান্ ~~স~~সমরেন্দ্র নাথ উক্ত সম্পত্তির অবিভক্ত ১/৩ অংশ - পাইবে এবং বাকী অবিভক্ত ১/৩ অংশ আমার উক্ত কনিষ্ঠ পুত্র শ্রীমান্ সত্যেন্দ্র নাথ পাইবে। -

আমার কন্যাত্রয়ের মধ্যে উক্তা শ্রীমতী সরযূবালা ও শ্রীমতী সরসী বালাকে - বহু অলঙ্কারাদি দিয়া বিবাহ দিয়াছি এবং তাহারা তাহাদের স্বামী ও সন্তানাদি - সহ সুখে স্বচ্ছন্দে জীবন নির্ব্বাহ করিতেছে এবং তাহাদের ভূ সম্পত্তি, গৃহাদি - আছে। সেজন্য আমার উক্ত সম্পত্তি হইতে আমি তাহাদিগকে কোনঅংশ বা - স্বত্ব দিলাম না। আমার উক্তা কনিষ্ঠা কন্যা শ্রীমতা সুলেখা দে বিধবা - হইয়াছে সেকারণ আমি এইরূপ নির্দ্দেশ করিতেছি যে আমার উক্তা কন্যা - শ্রীমতা সুলেখা দে যতদিন জীবিতা থাকিবে ততদিন সে আমার উক্ত বাটীর - নীচের তলার মধ্যস্থলের একখানি ঘর এবং উহার ঠিক উপরে মধ্যস্থলের - একখানি ঘর মোট দুইখানি ঘর তাহার জীবন স্বত্বে ভোগদখল করিবে, কিন্তু -

FIRST SUBORDINATE JUDGE'S C[OURT]
FILED
24-PARGANAS



কিন্তু উহা হস্তান্তর বা ভাড়া বিলি করিতে পারিবে না। উক্ত দুইখানি ঘর ব্যতীত সে আমার উক্ত বাটীর জলেরকল ও পায়খানা ব্যবহার করিতে পারিবে।

আমার উক্তা কন্যা শ্রীমতী সুলেখার ভরণ পোষণ বাবদ আমার মধ্যম পুত্র শ্রীমান সমরেন্দ্র তাহাকে মাসিক ৩০্ ত্রিশ টাকা হিসাবে প্রতি মাসে দিবে এবং আমার উক্ত পৌত্রত্রয় শ্রীমান সঞ্জীব, শ্রীমান সুজিৎ, ও শ্রীমান সুকৃৎ প্রত্যেকে আমার – উক্ত কন্যা শ্রীমতী সুলেখাকে মাসিক ১০্ দশ টাকা হিসাবে প্রতি মাসে দিবে। –

আমার উক্ত কনিষ্ঠা কন্যাকে মাসিক মাসোহারা বাবদ যে টাকা যাহাকে দিবার নির্দ্দেশ দিলাম উক্ত টাকার জন্য তাহাদের অংশের সম্পত্তির উপর দায় চার্জ্জড্ থাকিল। ভগবান না করুণ যদি আমার উক্ত কন্যা শ্রীমতী সুলেখার কন্যা কুমারী সিক্তা দের বিবাহের পূর্ব্বে তাহার অর্থাৎ উক্ত শ্রীমতী – – সুলেখার দেহান্ত হয় তাহা হইলে উক্তা কুমারী সিক্তা দের যতদিন না – . . বিবাহ হইবে ততদিন তাহার মাতাকে আমি অত্র উইলের দ্বারা যে দুইখানি ঘর দিলাম তাহার মধ্যে দোতালার ঘর থাকিবে সে অর্থাৎ উক্তা কুমারী সিক্তা দে বসবাস করিতে পারিবে এবং বাটীর জলেরকল ও পায়খানা ব্যবহারকরিতে পারিবে এবং তাহার বিবাহ কালতক্ তাহার ভরণ পোষণ বাবদ আমার মধ্যম পুত্র শ্রীমান সমরেন্দ্রনাথ মাসিক ১৫্ পনের টাকা এবং আমার উক্ত পৌত্রত্রয় . – প্রত্যেকে মাসিক ৫্ পাঁচ টাকা করিয়া উক্ত কুমারী সিক্তা দে কে দিবে এবং – তাহারা আমার উক্ত পৌত্রীর বিবাহ খরচা বহন করিবে, বিবাহের যে খরচা হইবে সমরেন্দ্র তাহার অর্দ্ধেক দিবে এবং বাকী অর্দ্ধেক আমার উক্ত তিন পৌত্র তুল্যাংশে দিবে। আমার উক্তা দৌহিত্রীর ভরণপোষণ ও বিবাহের খরচা উক্ত শ্রীমান সমরেন্দ্র ও উক্ত তিন পৌত্রের অংশের প্রাপ্য সম্পত্তির উপর দায় Charged

– থাকিল। –

FIRST SUBORDINATE JUDGE'S C... FILED 26 JUL ... 24-PARGANAS



আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান সত্যেন্দ্র অবিবাহিত এবং বেকার ও ভগ্ন স্বাস্থ্য হইতেছে। সেকারণ নীচের তলার দোকান ঘরের ভাড়াবাবদ এক্ষণে আমি যে মাসিক ৭০্ সত্তর টাকা পাইতেছি উক্ত দোকান ঘরের সমস্ত ভাড়াই — — উক্ত শ্রীমান সত্যেন্দ্রনাথ তাহার নিজ চিকিৎসাদি বাবদ জীবন কালতক পাইবে। তাহা ছাড়া তাহার খোরাকী বাবদ মাসিক ১৫্ পনের টাকা হিসাবে প্রতি মাসে আমার মধ্যম পুত্র শ্রীমান্ সমরেন্দ্র নাথ উক্ত শ্রীমান সত্যেন্দ্র নাথ কে দিবে এবং — আমার উক্ত পৌত্রত্রয় উক্ত শ্রীমান্ সত্যেন্দ্র নাথ কে তাহার খোরাকী বাবদ প্রত্যেকে মাসিক ৫্ পাঁচ টাকা হিসাবে প্রতি মাসে দিবে। আমার উক্ত পুত্র — শ্রীমান সত্যেন্দ্র নাথের জীবন কালতক মধ্যে উক্ত শ্রীমান সমরেন্দ্র নাথ বা আমার — উক্ত পৌত্র ত্রয় শ্রীমান্ সঙ্গীত কুমার শ্রীমান্ সুজিৎ কুমার ও শ্রীমান্ সুকৃত কুমার উক্ত — ভাড়ার কোন অংশই পাইবে না। —

আমার উক্ত কনিষ্ঠ পুত্র শ্রীমান সত্যেন্দ্রনাথ অবিবাহিত কিংবা বিপত্নীক — কিংবা সন্তান সন্ততি বিহীন অবস্থায় পরলোক গমন করে তাহা হইলে তত্যক্ত উক্ত $\frac{১}{৩}$ অংশের সম্পত্তির $\frac{১}{২}$ অর্দ্ধেক আমার মধ্যমপুত্র শ্রীমান সমরেন্দ্র নাথ সমভাবে তাহার ওয়ারেশ পাইবে এবং বাকী $\frac{১}{২}$ অর্দ্ধেক আমার উক্ত পৌত্রত্রয় সমভাবে তাহাদের ওয়ারেশান গণ তুল্যাংশে পাইতে হকদার থাকিল এবং দোকান ঘরের ভাড়ার টাকাও উক্তভাবে শ্রীমান সমরেন্দ্রনাথ অর্দ্ধেক পাইবে এবং বাকী অর্দ্ধেক — আমার উক্ত তিন পৌত্র তুল্যাংশে পাইবে। —

আমার উক্ত বাটী চিহ্নিত বিভাগ বন্টন করিয়া বসবাস করার সুবিধা বিধায় আমি এইরূপ ব্যবস্থা করিলাম যে শ্রীমান সমরেন্দ্রনাথ দোতালার দক্ষি —

SUB-REGISTRAR ... FILED 26 JUL 1972 ... 24-PARGANAS



দক্ষিণ পশ্চিম দিকের একখানি শয়নঘর ও উত্তর পূর্ব্ব দিকের একটি রান্নাঘর এবং উক্ত শয়ন ঘরের ঠিক নিচে Corresponding নীচের তলার দক্ষিণ পশ্চিম দিকের একখানি শয়ন ঘর এবং নীচের তলার উত্তর পূর্ব্বকোণের ভাঁড়ার ঘর — ভোগদখল করিবে এবং উক্ত বাড়ীর দোতালার উত্তর পশ্চিম দিকের একখানি — শয়ন ঘর এবং নীচের তলার দক্ষিণ পূর্ব্ব দিকের একখানি শয়ন ঘর ও তেতলার — সিঁড়ির ঘর এবং দোতালার পূর্ব্বদিকের অর্থাৎ শ্রীমান সমরেন্দ্রকে যে রান্নাঘর — দিলাম তাহার দক্ষিণ পার্শ্বের রান্নাঘর আমার উক্ত তিন পৌত্রি ভোগদখল — করিবে এবং শ্রীমান সত্যেন্দ্র নাথ উক্ত বাড়ীর দোতালার দক্ষিণ পূর্ব্ব দিকের — একখানি শয়ন ঘর ভোগদখল করিবে । উক্ত ছাড়া শ্রীমতী সুলেখাকে এবং তাহার — কন্যাকে পূর্ব্ব দফায় যে ঘরে যেরূপ সর্ত্তে বসবাস করিবার স্বত্ব বা অধিকার দিয়াছি — তাহা তাহারা ভোগদখল করিবে ।—

আমার ত্যক্ত উক্ত বাড়ীর দেয় ট্যাক্স ও ইলেকট্রিক খরচার মধ্যে অর্দ্ধেক পরিমাণ টাকা আমার মধ্যম পুত্র শ্রীমান সমরেন্দ্রনাথ দিবে এবং বাকী অর্দ্ধেক ট্যাক্স ও ইলেকট্রিক খরচ আমার উক্ত পৌত্রিত্রয় তুল্যাংশে দিবে । বাড়ীর — মেরামত খরচা আমার উক্ত মধ্যমপুত্র শ্রীমান সমরেন্দ্র নাথ অর্দ্ধেক বহন করিবে এবং বাকী অর্দ্ধেক আমার উক্ত পৌত্রিত্রয় তুল্যাংশে বহন করিবে ।—

আমার স্বামীর দেশে গোচারণ গ্রামে ভূসম্পত্তি ও বাড়ী ঘর আছে সেজন্য আমার এই সামান্য সম্পত্তির কোন অংশ আমার দেহান্তে তিনি পাইবেন না ।—

প্রকাশ থাকে যে আমার উক্ত সম্পত্তি আমার সন্তান সন্ততি গণের মধ্যে — যেরূপভাবে দিলাম যদি তাহাদের মধ্যে কেহ তাহার প্রাপ্য অংশ বিক্রয় করিতে ইচ্ছা করে তাহা হইলে তিনি অপর শরিকগণকে পূর্ব্বে রেজেষ্ট্রী নোটিশ দিতে —

FILED
24 PARGANAS

দিতে বাধ্য থাকিল এবং উক্ত অপর সরিকগণ বাজার প্রচলিত মূল্যে উক্ত — বিক্রয়েচ্ছু সরিকের অংশ নোটিশ দিবার তিন মাসের মধ্যে খরিদ করিতে — উদ্যোগী না হন তাহা হইলে উক্ত বিক্রয়েচ্ছু সরিক উক্ত অপর সরিককে তাহার — অংশ বিক্রয় করিতে বাধ্য থাকিল। যদি কেহ তাহার অংশ বন্ধক দিতে চায় তাহা হইলেও উক্ত সর্ত প্রতিপালন করিতে বাধ্য। —

আমার যে অলঙ্কার থাকিবে তাহা আমার দেহান্তে আমার কন্যা উক্তা শ্রীমতী সুলেখা দে সমস্তই নির্ব্যূঢ় স্বত্বে পাইবে।

আমার পরলোক গমনের পর আমার মধ্যম পুত্র উক্ত শ্রীমান সমরেন্দ্র নাথ — বসু পিতা ৺ সতীশ চন্দ্র বসু সাং ৪৫এ, বাঁকুলিয়া রোড, থানা বালিগঞ্জ — কলিকাতা ১৯, executor রূপে অত্র উইল উপযুক্ত আদালতে দাখিল করিয়া উহার প্রবেট গ্রহণ করিতে হকদার থাকিবেন। উক্ত শ্রীমান সমরেন্দ্র নাথ বসুকে আমি বিনা জামিনে অত্র উইলের প্রবেট লইবার জন্য executor নিযুক্ত — করিয়া গেলাম। উক্ত শ্রীমান সমরেন্দ্র নাথ অত্র উইলের প্রবেট লইয়া আমার উক্ত — নির্দ্দেশমত কার্য্যাদি করিবে এবং যাহাকে যে স্বত্ব বা অংশ দিলাম তাহা তাহাকে প্রবেট লইবার পর যত শীঘ্র সম্ভব বুঝাইয়া দিবে।

এতদর্থে সুস্থ শরীরে সুস্থ অন্তঃকরণে স্বেচ্ছায় সজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র উইলের লিখিত সমস্ত বিষয় সবিশেষ অবগত হইয়া অত্র উইল নিম্নলিখিত সাক্ষীগণের সম্মুখে দস্তখত করিলাম। ইতি তারিখ ১৯শে চৈত্র সন ১৩৬৯ সালে — ইং ২রা এপ্রিল ১৯৬৩। —

শ্রীমতী সুবোধ লক্ষ্মী বসু

তপশীল সম্পত্তির বিবরণ —

FILED

তপশীল সম্পত্তির বিবরণ ঃ-

জেলা ২৪ পরগণা, সাবরেজেস্টারী শিয়ালদহ কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত থানা বালিগঞ্জের এলাকাধিন সাবেক ৪।২এ, হাল ৪৫এ, নং কাঁকুলিয়া রোড, কলিকাতা ১৯ লক্ষী কুটীর নামক প্রেমিসেসে নিষ্কর /২।।১৯ দুই কাঠা আট ছটাক উনিশ স্কোয়ার ফিট জমিমায় তদুপরিস্থ দ্বিতল পাকা ইমারতবাটী মায় সাজপাট ও উক্ত বাটীর দক্ষিণ - দায় সংলগ্ন প্যাসেজ জমি সরবরং হক হকুক সম্পত্তি। -

আমি নিজে এই উইল আগাগোড়া শ্র পড়িয়া উহার মর্ম্ম বুঝিয়া সাক্ষীগণেরসম্মুখে এই উইল দস্তখত করিলাম। -

শ্রীমতী সুবোধ লক্ষী বসু
৪৫।এ, সাবেক ৪।২এ, কাঁকুলিয়া রোড -
বালিগঞ্জ, কলিকাতা ১৯ ।

শ্রী

উইল কর্ত্রী অত্র উইলের মর্ম্ম
অবগত হইয়া স্বইচ্ছায় আমাদের সমক্ষে
অত্র উইলে দস্তখত করিলেন । ইতি -
শ্রী সতীশ চন্দ্র বসু
৪৫এ, সাবেক ৪।২এ, কাঁকুলিয়া রোড, কলিকাতা ১৯
ইং ২।৪।১৯৬৩

টাইপকারক -
পরেশ নাথ ঘোষ
আলিপুর জজকোর্ট -

সাক্ষী -
শ্রী কানাই লাল বসু
৩৬বি নরেশ ঘোষ গার্ডেন রোড -
টাকুরিয়া, কলিকাতা ৩১
শ্রী প্রফুল্ল কুমার বসু
গোচারণ ২৪পঃ
ডাঃ অমরনাথ মুখোপাধ্যায়
এম, বি,
রেজিঃ নং ১০৩৬৬
৪।৩৩ ফার্ণ রোড, কাল ১৯
২।৪।৬৩

উইল কর্ত্রী অত্র উইলপাঠ করিয়াএবং উহার মর্ম্ম অবগত হইয়া অত্র উইলে দস্তখত - করিয়াছেন আমার সম্মুখে স্বীকার করিলেন ।

ইং স্বাঃ এম ঘোষ, প্লীডার -
৯।৪।৬৩
৩১এ, কাঁকুলিয়া রোড, কাল ১৯ ।

Sixth Subjudge's Court. Alipur.
Act 39 Case No. 200 of 1971
Exbt. No. 1.
Filed by Petn.

S/d — B. Bose.
Subjudge.
3.7.72

TRUE COPY.
[signature] 29.7.72
Head Clerk.
District Judge's Office,
Alipore, 24 Parganas.

SEAL OF THE FIRST COURT ... 24-PARGANAS

Copy verified
[signature] 8.12.72
Asty. Assessor.
Corpn. of Calcutta
8.12.72

In the Court of the Magistrate, 1st Class, Alipore.

Affidavit.

I, Sri Samarendra nath Bose son of late Satish Chandra Bose, aged about 56 years, by caste Hindu, by occupation service, residing at 45A, Kankulia Road, P.S. Ballygunge, Calcutta-19, District 24-Parganas do hereby solemnly affirm and declare as follows:-

1 That my youngest brother Satyendra nath Bose son of late Satish Chandra Bose of 45A, Kankulia Road, P.S. Ballygunge Calcutta-19, District 24-Parganas died ~~intestat~~ intestate on 12th day of August, 1964 as bachelor at Chitteranjan Hospital, Park Circus, Calcutta.

That the statements made above are true to the best of my knowledge and belief.

Samarendranath Bose

Signature of the Declarant.

Identified by me,

Advocate, dt. 1.12.72.

DISTRICT 24-Parganas.

In the Court of the Dist. Delegate at A l i p o r e ,

Act 39 Case No. 200 /1971.(P r o b a t e)

Applicant: Sree Samarendra Nath Bose -

Affidavit.

I N V E N T O R Y Property and credits of Sm. Subodh Lakshmi

Bose, deceased:-

I, SREE SAMARENDRA NATH BOSE, son of late Satish Chandra Bose, aged about 57 years , by Profession service - residing 45/A, Kankulia Road, Calcutta- 19 Dist. 24-Parganas, do hereby solemnly affirm and say :-

1... That on the 26th day of July,1972 Probate of the Will of the above named Sm. Subodh Lakshmi Bose ( deceased ) was - granted to me by this Learned Court .

This is true to my knowledge.

2.. The Inventory hereunder set-forth contains a full and true estimate of all the properties in the possession of/and all the credi-ts of and all the debts owing by any persons to the said deceased to which I am entitled as such Executor .

This is true to my knowledge.

I N V E N T O R Y

# INVENTORY.

| Sl. No. | Description of property. | Person now in possession thereof: | Incumbrances. | Net amount or value. |
|---|---|---|---|---|
| k. | Movable properties: | | | |
| 1. | Cash : Rents realised from tenant Kaloo Ram - Suraj Mal Agarwal in respect of Premises No. 45A Kankulia Road, Cal-19., from the month of July,1972 to Decr. 1972 @ Rs 80/= per month all total Rs.480/= I paid Calcutta Corporation Tax of the said premises for the 3rd qr. and 2nd Qr. for the year 1972 @ Rs.37.42 all total Rs.74.84 P. | | | |
| 2. | ~~Maxx~~ Immovable properties. All that premises No. 45A Kankulia Road, Cal-19 | - Executor himself. | | |

This is true to my knowledge.

3. I have not received nor I am entitled to as such Executor aforesaid any property credits or effects other than those above set -forth .

This is tru to my knowledge.

.........................
Signature of the Declarant.

..............
Known to me.

Dt. 18.1.73.